# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 25-10-2025** **Time: 7.50 P.M**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) রাজ্যের হাসপাতালগুলির নিরাপত্তা সুনিশ্চিত করতে বেশ কয়েকটি কঠোর পদক্ষেপ গ্রহণের নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। এসএসকেএম-এ নাবালিকার শ্লীলতাহানির ঘটনায় রাজ্য সরকারের কাছে রিপোর্ট চেয়েছে রাজ্য শিশু অধিকার সুরক্ষা কমিশন।

২) ভোটার তালিকায় এসআইআর নিয়ে তৃণমূল কংগ্রেস ইচ্ছাকৃতভাবে মানুষের মধ্যে ভীতির সঞ্চার করছে বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন।

৩) ‘নাহায় খায়’ রীতির মধ্য দিয়ে চারদিন ব্যাপী ছট পুজোর আজ সূচনা হয়েছে।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা সকলের সঙ্গে ভাগ করে নেবেন।

৫) হুগলীর গুড়াপে পথ দুর্ঘটনায় তিন মৃতশিল্পী প্রাণ হারিয়েছেন। এদের মধ্যে দুজন উত্তর ২৪ পরগণা এবং একজন কলকাতার।

৬) গোয়ার সুপার কাপ ফুটবলে ইস্টবেঙ্গল ও ডেমপো স্পোর্টস ক্লাবের মধ্যে খেলাটি ২-২ গোলে শেষ হয়েছে।

৭) ইডেনে চারদিনের রনজি ট্রফি ম্যাচের আজ প্রথম দিনে গুজরাতের বিরুদ্ধে বাংলা সাত উইকেটে ২৪৪ রান করেছে।

-------------------------------------------------------------------------------------

রাজ্যের হাসপাতালগুলির নিরাপত্তা সুনিশ্চিত করতে বেশ কয়েকটি কঠোর পদক্ষেপ গ্রহণের নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। এর মধ্যে রয়েছে, নিরাপত্তা কর্মীদের পুলিশি যাচাই বাধ্যতামূলক করা, তাদের হাজিরা খাতা নিয়মিত রক্ষণাবেক্ষন করা, কোন্ ওয়ার্ডে কাদের দায়িত্ব রয়েছে - সেই তালিকা রাখা, নিরাপত্তা কর্মীদের সচিত্র পরিচয় পত্র আবশ্যিক করা, চিকিত্সকদের ওপর হঠাত্ আক্রমণ হলে তা প্রতিহত করার জন্য নিরাপত্তা কর্মীদের প্রশিক্ষণ বাধ্যতামূলক করা, অগ্নি নির্বাপণ ব্যবস্থার মহড়া, সিসিটিভির মাধ্যমে সার্বিক নজরদারি আরও বৃদ্ধি করা এবং প্রয়োজনে আরও সংখ্যক সিসি ক্যামেরা বসানো।

ভার্চুয়ালি বৈঠকে যোগ দিয়ে মুখ্যমন্ত্রী আরও জানিয়েছেন, নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন রিপোর্ট নিয়মিত স্বাস্থ্য ভবনে পাঠাতে হবে। প্রশাসনের শীর্ষ স্তর থেকে হাসপাতালগুলিতে যে নিরাপত্তা পরিকাঠামো তৈরি করে দেওয়া হয়েছে, তা ঠিক মত কাজ করছে কিনা, হাসপাতালগুলিকে সেব্যাপারে নিয়মিত নজরদারি চালাতে হবে। চিকিত্সক, নার্স এবং হাসপাতাল কর্মীদের জন্য নির্দিষ্ট পোশাকের যাতে কোনো অপব্যবহার না হয় সেদিকেও নজর রাখার কথা বলা হয়েছে।

সাম্প্রতিক কালে বিভিন্ন হাসপাতালে চিকিত্সক, রোগী সহ মহিলাদের ওপর নির্যাতনের খবরের পরিপ্রেক্ষিতে মুখ্যসচিব মনোজ পান্থের ডাকা নিরাপত্তা সংক্রান্ত বৈঠকে সমস্ত মেডিকেল কলেজ ও হাসপাতালের অধ্যক্ষ, উপাধ্যক্ষ, সুপাররাও ছাড়া ছিলেন সব জেলাশাসক, পুলিশ সুপার এবং পুলিশ কমিশনারেটের কমিশনাররা।

--------------------

এসএসকেএম-এ নাবালিকার শ্লীলতাহানির ঘটনায় রাজ্য শিশু অধিকার সুরক্ষা কমিশনের তরফে রাজ্য সরকারের কাছে রিপোর্ট চাওয়া হয়েছে বলে কমিশনের চেয়ারপার্সন তুলিকা দাস জানিয়েছেন। উত্তর ২৪ পরগণার দত্তপুকুরে মানসিক ভারসাম্যহীন এক কিশোরীকে ধর্ষণের ঘটনায় আজ নির্যাতিতার বাড়িতে যান কমিশনের সদস্যরা। পরে সাংবাদিকদের চেয়ারপার্সন বলেন, দত্তপুকুরের ঘটনায় স্থানীয় বাসিন্দা এবং পুলিশের তত্পরতায় দোষী ধরা পড়েছে। এসএসকেএম-এর ঘটনা খতিয়ে দেখতে খুব শীঘ্রই কমিশনের এক প্রতিনিধি দল ঐ হাসপাতালে যাবে।

বাইট

--------------------

ভোটার তালিকায় বিশেষ নিবির সংশোধনী-এসআইআর নিয়ে পরিকল্পিতভাবে তৃনমূল কংগ্রেস মানুষের মধ্যে ভয়ের পরিবেশ সৃষ্টি করছে বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন। দক্ষিণ দিনাজপুরের গঙ্গারামপুরে আজ বিজেপির বিজয় সংকল্প সভায় যোগ দিয়ে তিনি বলেন, কোন যোগ্য ভোটারের নামই তালিকা থেকে বাদ যাবেনা।

(বাইট-সুকান্ত)

তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সুযোগ্য নেতৃত্বে সকলকে সঙ্গে নিয়েই তাঁর দল এগিয়ে জেতে চায়।

এদিনের সভায় উপস্থিত ছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও। দক্ষিণ দিনাজপুরেও জনবিন্যাস বদলে দেওয়া হচ্ছে বলে অভিযোগ করে তি৯নি বলেন, কাঁটাতারহীন সীমান্ত দিয়ে অনুপ্রবেশ হচ্ছে। রাজ্যের বিভিন্ন প্রান্তে মেয়েদের ওপর নির্যাতনের ঘটনায় ক্ষোভ প্রকাশ করে এর জন্য রাজ্যের শাসক দলকেই দায়ী করেন তিনি।

(বাইট-শুভেন্দু)

--------------------

বাংলাদেশ থেকে আসা শরণার্থীদের বিজেপি-র সিএএ শিবিরে নাম নথিভুক্ত করার জন্য দলের পক্ষ থেকে আবেদন জানানো হয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ মালদায় সাংবাদিকদের বলেন, বিজেপির পক্ষ থেকে রাজ্যের বিভিন্ন এলাকায় নাগরিকত্ব দেওয়ার জন্য সহায়তা শিবির চালু করা হয়েছে। ধর্মীয় উৎপীড়নের কারণে যেসব হিন্দুরা এদেশে এসেছেন, তারা অনুপ্রবেশকারী নন, শরণার্থী। ২০২৪ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত যেসব শরণার্থী এদেশে এসেছেন, তাদের নাগরিকত্ব দেওয়া হবে বলে তিনি জানান। এক্ষেত্রে নানাভাবে ভুল তথ্য দিয়ে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা চলছে বলে অভিযোগ করেন শ্রী অধিকারী।

মালদার গাজোলের অন্নপূর্ণা কাননে আজ এক বিশেষ অনুষ্ঠানে যোগ দিয়েছেন বিরোধী দলনেতা এবং কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ডক্টর সুকান্ত মজুমদার।

--------------------

দার্জিলিং-এর খড়িবাড়ি গ্রামীণ হাসপাতালে টাকার বিনিময়ে জন্ম এবং মৃত্যুর ভুয়ো শংসাপত্র তৈরির ঘটনায় মূল অভিযুক্ত ঐ হাসপাতালেরই অস্থায়ী ডেটা এন্ট্রি অপারেটর পার্থ সাহাকে পুলিশ গ্রেপ্তার করেছে।

স্বাস্থ্য দপ্তরের তরফে তার বিরুদ্ধে থানায় অভিযোগ দায়েরের পর থেকেই পলাতক ছিল সে। নেপাল সীমান্তের ডাম্বুজোত এলাকা থেকে আজ সকালে পার্থকে পাকড়াও করা হয়।

এর আগে গত বুধবার রাতে এই ঘটনায় অপর এক ডেটা এন্ট্রি অপারেটর নবজিত্ গুহকে পুলিশ গ্রেপ্তার করে। পার্থ এবং নবজিতের মোবাইল থেকে আর্থিক লেনদেনের প্রমাণ পেয়েছে পুলিশ। উদ্ধার হয়েছে জালিয়াতি সংক্রান্ত বেশ কিছু নথিপত্রও।

উল্লেখ্য, চলতি বছরের মে মাস থেকে ঐ হাসপাতালে ৮০০-রও বেশি জাল শংসাপত্র তৈরি হয়। এরাজ্য ছাড়াও সিকিম এবং বিহারের বাসিন্দারাও টাকার বিনিময়ে এই হাসপাতাল থেকে জাল শংসাপত্র তৈরি করেছে বলে জানা গেছে।

--------------------

'নাহায় খায়' রীতির মধ্য দিয়ে চারদিন ব্যাপী ছট পুজোর আজ সূচনা হয়েছে। কার্তিক মাসের শুক্ল পক্ষে সূর্য দেবের আরাধানার মধ্য দিয়ে ছট পুজো উদযাপন করা হয়। ভক্তরা আজ পুণ্যস্নান সেরে পুজো নিবেদনের পর লাউ-এর তরকারি দিয়ে আড়োয়া চালের ভাত খান। দ্বিতীয় দিনে আগামীকাল পালিত হবে - 'খারনা'। সন্ধ্যায় প্রসাদ গ্রহণের পর শুরু হবে ৩৬ ঘন্টার নিরম্বু উপবাস।

এই উপলক্ষে গঙ্গা সহ শহরের বিভিন্ন নদ নদী ও জলাশয়ের ঘাটগুলিতে কড়া নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। কলকাতা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটি–KMDA কলকাতায় স্থায়ী অস্থায়ী মিলিয়ে ৩৯ টি জলাশয়ে ঘাটের ব্যবস্থা করেছে।

পুর ও নগর উন্নয়ন মন্ত্রী মেয়র ফিরহাদ হাকিম ছট পুজোর প্রস্তুতি খতিয়ে দেখতে আজ কলকাতার দই ঘাট ও তক্তা ঘাট পরিদর্শন করেন। কলকাতার বাবুঘাট, বাজে কদমতলা সহ বিভিন্ন ঘাটে কলকাতা পুরসভার তরফ থেকে পুণ্যার্থীদের সুবিধায় যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস ছট পুজো উপলক্ষে সকলকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে তিনি বলেন, এই উত্সব দেশের সংস্কৃতি ও ঐতিহ্যকে সমৃদ্ধ করেছে।

--------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৭-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

--------------------

১৯ নম্বর জাতীয় সড়কের হুগলির গুড়াপ থানার কানাজুলি এলাকায় পথ দুর্ঘটনায় তিন মৃৎশিল্পী প্রাণ হারিয়েছেন। এরা হলেন, উত্তর ২৪ পরগণার হিঙ্গলগঞ্জের বাসিন্দা দিবাস মণ্ডল ও হাড়োয়ার কৌশিক মণ্ডল এবং কলকাতার রবীন্দ্র সরোবর থানার বাসিন্দা, নিমাই দাস।

পুলিশ সূত্রে জানা গেছে, আজ সকালে একটি পিক আপ ভ্যান করে তিনজন মৃৎশিল্পী কাজ সেরে যখন আসানসোল থেকে কলকাতা ফিরছিলেন, সেই সময় গাড়িটি কানাজুলি এলাকায় নিয়ন্ত্রণ হারিয়ে সামনে থাকা একটি চলন্ত গাড়ির পিছনে সজোরে ধাক্কা মারে। ঘটনাস্থলে গুরুতর জখম ঐ তিনজনকে বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে চিকিত্সক তাদের মৃত ঘোষণা করেন। গুড়াপ থানার পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। প্রাথমিক অনুমান, অতিরিক্ত গতি বা চালক ঘুমিয়ে পড়াতেই এই দুর্ঘটনা।

অন্যদিকে, পুরুলিয়ার রঘুনাথপুর চেলিয়ামা সড়কে একটি পন্যবাহী চার চাকার গাড়ির সাথে একটি টোটোর মুখোমুখি ধাক্কায় এক মহিলার মৃত্যু হয়েছে এবং দুই শিশু সহ মোট পাঁচজন আহত। একই পরিবারের ছয় সদস্য টোটোতে চেপে মৌতড় কালিমন্দির থেকে রক্ষতপুর গ্রামের দিকে ফেরার সময় সেটির একটি পন্যবাহী চার চাকার গাড়ির সাথে ধাক্কা লেগে এই দুর্ঘটনা ঘটে।

--------------------

মাসের শেষ পাঁচ দিন রাজ্যের আকাশে আবার মেঘের ঘনঘটা। দক্ষিণ ও উত্তরবঙ্গের সর্বত্রই হালকা থেকে মাঝারি কোথাও কোথাও ভারী বৃষ্টির পূর্বাভাস।

একটি প্রতিবেদন

--------------------

আকাশবাণী কলকাতা কেন্দ্রে সাঁওতালী সংবাদ পাঠক ভাগবত বাস্কের সম্প্রতি জামশেদপুরে জীবনাবসান হয়েছে। কিছুদিন ধরে তিনি অসুস্থ ছিলেন। বয়স হয়েছিল ৪৯ বছর।

২০০৫ সাল থেকে তিনি সাঁওতালী সংবাদের সঙ্গে যুক্ত ছিলেন।

--------------------

গোয়ার বাম্বলিমে আজ সুপার কাপ ফুটবলে ইস্টবেঙ্গল ও ডেমপো স্পোর্টস ক্লাবের মধ্যে খেলাটি ২-২গোলে শেষ হয়েছে। ইস্টবেঙ্গলের পক্ষে মহেশ সিং নাওরেন ও মিগুয়েল ফেরেরা এবং ডেমপোর মহম্মদ আলি ও লক্ষণ রাও রানা গোল কোরেছেন। **ইস্টবেঙ্গল পরবর্তী ম্যাচে মঙ্গলবার চেন্নাইয়িন এফ সি, র বিরুদ্ধে খেলবে।**

আজ গ্রুপ এ, র অন্য ম্যাচে মোহনবাগান সুপার জায়ান্ট, চেন্নাইয়িন এফ সি, র মুখোমুখি হয়েছে। **একটু আগে পাওয়া খবরে জানা গেছে খেলা গোলশূন্য রয়েছে।**

--------------------

ইডেনে চারদিনের রনজি ট্রফি ম্যাচের আজ প্রথম দিনে  গুজরাতের বিরুদ্ধে বাংলা সাত উইকেটে ২৪৪ রান করেছে। টসে জিতে গুজরাত, বাংলাকে ব্যাট করতে পাঠায়। সুমন্ত গুপ্ত ৫৮ রানে অপরাজিত আছেন। সুদীপ ঘরামি ৫৬, অভিষেক পোড়েল ৫১ রান করেছেন । গুজরাতের পক্ষে সিদ্ধার্থ দেশাই তিনটি, চিন্তন গাজা দুটি উইকেট নিয়েছেন।

-------------------- --------------------